

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট  
(ইস্যু প্রশাসন শাখা)  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

website: www.bb.org.bd

ডিসিএম সার্কুলার নং- ০৮/২০১৫

তারিখঃ ০৭/০৯/২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক  
প্রিয় মহোদয়

**তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক গ্রাহকদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে  
সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা নোটের বিনিময়মূল্য প্রদান এবং ধাতব মুদ্রা বিনিময় প্রসঙ্গে।**

শিরোক্ত বিষয়ে অত্র বিভাগের ০৪/০৬/২০১৫ তারিখের ডিসিএম পরিপত্র নং-০১, ১৪/০১/২০১৩ তারিখের পরিপত্র নং-  
ইহিশাঃ ২৩(পলিসি)/২০১৩-১৫ এবং ২১/০৭/২০১৪ তারিখে অনুষ্ঠিত ব্যাংকার্স সভার কার্যপত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত পরিপত্র এবং কার্যপত্রের মাধ্যমে সকল তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক জনসাধারণের নিকট হতে মূল্যমান  
নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান এবং জনসাধারণের মাঝে ধাতব মুদ্রা  
সরবরাহের নির্দেশনা প্রদান করা হয়েছে।

কিন্তু বিভিন্ন পত্র-পত্রিকা, ব্যক্তিগত অভিযোগপত্র এবং ফোনের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ হতে প্রতিভাত হচ্ছে যে, তফসিলী  
ব্যাংকের শাখাগুলো কর্তৃক জনসাধারণের নিকট হতে নিম্ন মূল্যমানের নোট গ্রহণ এবং ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য  
প্রদান করা হচ্ছে না। এছাড়া জনসাধারণের নিকট হতে ধাতব মুদ্রা গ্রহণ এবং অনেক ক্ষেত্রে জনসাধারণের মাঝে ধাতব মুদ্রা  
বিতরণও করা হচ্ছে না। ফলে নিম্ন মূল্যমানের নোট, ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোট এবং ধাতব মুদ্রা বিনিময়ের ক্ষেত্রে জনসাধারণ  
বিড়ম্বনার সম্মুখীন হচ্ছেন যা তাঁদের স্বাভাবিক অর্থনৈতিক লেনদেনে বিঘ্ন সৃষ্টি করছে।

জনসাধারণের স্বাভাবিক ও সুষ্ঠু লেনদেন অব্যাহত রাখার স্বার্থে তাঁদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে সকল প্রকার নোট  
গ্রহণ, বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান, ধাতব মুদ্রা গ্রহণ এবং বিতরণের বিষয়টি নিশ্চিত করতে  
নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশনা লক্ষিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে বিধি-মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত

(পরিমল চন্দ্র চক্রবর্তী)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৩২